# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org**


***Ref:*** ***Date:*** *২০ মার্চ ২০১১*

**প্রেস বিজ্ঞপ্তি**

## গুইমারায় সাংস্কৃতিক অনুষ্ঠানের নামে জুয়ার আসরঃ জনগণের প্রতিরোধ

গতকাল ১৯ মার্চ ২০১১ শনিবার রাতে খাগড়াছড়ির গুইমারার নতুন পাড়া ও রামগড়ের রামেসু বাজারে জুয়ার আসরে স্থানীয় জনগণ দু' দফা হামলা চালিয়েছে। জনতা এ সময় ডাব্বো খেলার সরঞ্জাম পুড়ে দেয় ও জুয়ারীদের কয়েকজনকে মারধর করে। গুইমারা ও খাগড়াছড়ির মারমা সম্প্রদায়ের মুরুব্বী ও বাংলাদেশ মারমা স্টুডেন্টস কাউন্সিলসহ বিভিন্ন মহলের বাধাদান সত্বেও ডাব্বো খেলার নামে ওই জুয়ার আসরের আয়োজন করা হলে জনতা তাতে হামলা চালায়।

স্থানীয় সূত্রে জানা যায়, খাগড়াছড়ির গুইমারায় প্রত্যেক বছরের ন্যায় এ বছরও শনিবার চান্দ্যামনি বৌদ্ধ বিহারে দিনব্যাপী ধর্মীয় অনুষ্ঠান "চান্দ্যামনি মেলা" আয়োজন করা হয়। ধর্মীয় অনুষ্ঠানের সময় একটি সংঘবদ্ধ জুয়ারী চক্র বিহারের পাশে ডাব্বো খেলা আয়োজনের চেষ্টা চালায়। কিন্তু বিহারাধ্যক্ষ ব্রহ্মদত্ত ভান্তের অনুমতি না পাওয়ায় জুয়ারীরা বিহারের পাশ্ববর্তী নতুন পাড়ায় ডাব্বো খেলার আসর বসায়। খবর পেয়ে স্থানীয় জনতা বিকাল ৪টার দিকে ওই আসর ভেঙে দেয় এবং জুয়ারীদের ধাওয়া করে। জনতা এ সময় ডাব্বো খেলার সরঞ্জামও পুড়িয়ে দেয়।

এরপর সন্ধ্যার দিকে উক্ত জুয়ারী চক্রটি আবারো মুনলাইট ইয়ং স্টার ক্লাবের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠানের আড়ালে রামগড়ের রামেসু বাজারে অবাধে ডাব্বো খেলার আসর বসালে স্থানীয় জনতা রাত ১১টার দিকে জুয়ারীদের প্রতিরোধ করে ও ডাব্বো খেলার আসর ভেঙে দেয়।

জুয়ারীদের বিরুদ্ধে স্থানীয় জনতার প্রতিরোধকে "সাংস্কৃতিক অনুষ্ঠানে হামলা" হিসেবে চিত্রিত করে এর সাথে ইউপিডিএফ-কে জড়িয়ে শীর্ষ নিউজ ডট কম সংবাদ প্রচার করেছে। ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক প্রদীপন খীসা এর প্রতিবাদ জানিয়েছেন। জুয়ারীদের বিরুদ্ধে জনতার প্রতিরোধকে ন্যায়সঙ্গত আখ্যায়িত করে তিনি বলেন, স্থানীয় প্রশাসনের উচিত অবিলম্বে জুয়ারী চক্রটির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণ করা।

উল্লেখ্য, গুইমারায় একটি সংঘবদ্ধ জুয়ারী চক্র স্থানীয় প্রশাসনকে "ম্যানেজ" করে ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আড়ালে প্রতি বছর ডাব্বো খেলা বা জুয়ার আসরের আয়োজন করে থাকে। এতে স্থানীয় জনগণ একদিকে আর্থিকভাবে সর্বশ্বান্ত হচ্ছে ও সামাজিক শৃঙ্খলা বিনষ্ট হচ্ছে, অন্যদিকে ওই চক্রটি লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিচ্ছে। সহজ সরল পাহাড়িরা বাড়ির সম্পত্তি, স্বর্ণালংকার, এমনকি জমিজমা বন্ধক দিয়ে জুয়া খেলায় মেতে ওঠে। প্রশাসন এটা দেখেও না দেখার ভাণ করে থাকে। এজন্য এই জুয়ারী চক্রটির বিরুদ্ধে সচেতন মহলের মধ্যে ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছে।

বার্তা প্রেরক

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ